



বুলবুলের কারণে জেএসসি, জেডিসি পরীক্ষা স্থগিত

প্রকাশিত: ০৯ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ ঘূর্ণিঝড় বুলবুলের কারণে পিছিয়ে দেয়া হয়েছে শনিবারের (আজকের) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। এছাড়াও ঘূর্ণিঝড়ের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শনিবারের সব পরীক্ষাও স্থগিত করা হয়েছে।

শুক্রবার শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা আবুল খায়ের এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, জেএসসির স্থগিত পরীক্ষা ১২ নবেম্বর এবং জেডিসির স্থগিত পরীক্ষা ১৪ নবেম্বর অনুষ্ঠিত হবে।

আটটি সাধারণ শিক্ষা বোর্ডে জেএসসি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে জেডিসিতে শনিবার গণিত বিষয়ের পরীক্ষা হওয়ার কথা ছিল। এছাড়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে।

ঘূর্ণিঝড়ের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শনিবারের সব পরীক্ষাও স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ বদরুজ্জামান জানান, শুক্রবার রাতে জরুরী বৈঠক করে এ সিদ্ধান্ত নেয়া হয়। তিনি বলেন, এ পরীক্ষা কবে নেয়া হবে তা পরে জানানো হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

